

- ৩। এই ভবে এলেম কতবার,
কতবার হইল গত ভজলেম না একবার।
আমার এইবার যদি যায় বিফলে,
ভবে বেঁচে আর কি প্রয়োজন।।
- ৪। তোমায় যদি পেয়েছি এবার,
প্রাণান্তে ছাড়বো না তোমায়, প্রতিজ্ঞা আমার।
গুরু তুমি যদি ছাড় আমায়, আমি ছাড়ব না কখন।।
- ৫। কেন্দে কেন্দে বলে অশ্বিনী, কাতর করুণা কর হে চিন্তামণি।
তোমার দীন দয়াময় নামটি শুনি, ঐ ভরসায় নিলাম স্মরণ।।
- ১৫৪ নং তাল-একতালা**
তোমাকে বাসিবর ভাল, এই ভিক্ষা চাই।
আমায় বাস বা না বাস ভাল, তাতে কোন দুঃখ নাই।।
- ১। এই ভাবনা ভাবি রাত্র দিন,
তুমি হইও গহীন গঙ্গা আমি হব মীন।
তোমার রূপ সাগরে ডুবে রব, জাগিতে বাসনা নাই।।
- ২। তুমি গুরু হইও শালগ্রাম, তুলসী হয়ে পদে থাকব গুণধাম।
তোমার যুগল চরণ বক্ষে রেখে, যেন আমি মেঙ্গে খাই।।
- ৩। কর্ম্মপাকে যদি হই ফনী, তুমি গুরু হইও আমার মস্তকের
মণি।
তোমায় দিবানিশি রাখবো শিরে,
ভবে তোমার মত কেহ নাই।।
- ৪। তুমি আমার পরাণ পুতলী, হৃদয়ে রাখিয়া মনের ঘূচাব কালি।
তোমার শ্রীপাদ পদে হ'য়ে অলি, যেন প্রেম মধু খাই।।
- ৫। করুণ স্বরে অশ্বিনী বলে, দীন হীন কাঙ্গাল বলে, ফেঁলনা ঠেলে।
গুরুচাঁদ তুমি আমায় উপেক্ষিলে,
ভবে দিব আমি কার দোহাই।।